## পাঠ-১

بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিসমিল্লাহির রাহমানির রহীম

অর্থ: পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।

لَا إِلَٰهَ إِلَّا اللهُ مُحَمَّدٌ رَّسُولُ اللهِ

লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহি

অর্থ: নাই কোন উপাস্য আল্লাহ ব্যতীত মুহাম্মদ (স:) আল্লাহর রাসূল।

لَا (লা) শব্দটি ২৩২৩ বার পবিত্র কুরআন মজীদে ব্যবহৃত হয়েছে।

لَا (লা) অর্থ না। إِلَٰهَ (ইলাহ) অর্থ উপাস্য যার উপাসনা করা হয় অথবা যার ইবাদত করা হয়। إِلَّا (ইল্লা) অর্থ ব্যতীত, ছাড়া। اللهُ (আল্লাহু) اللهُ/اللهَ/اللهِ এই তিনটি শব্দ আল্লাহু, আল্লাহা ও আল্লাহি মোট ২৬৯৯ বার পবিত্র কুরআনে এসেছে। مُحَمَّدٌ (মুহাম্মদ) অর্থ মুহাম্মদ। رَّسُولُ اللهِ (রাসূলুল্লাহ) অর্থ আল্লাহর রাসূল।

## তোমরা মোট ৭ টি শব্দের অর্থ শিখলে

১. لَا (লা) অর্থ না।

২. إِلَٰهَ (ইলাহ) অর্থ উপাস্য।

৩. إِلَّا (ইল্লা) অর্থ ব্যতীত, ছাড়া।

৪. اللهُ (আল্লাহু) অর্থ আল্লাহ।

৫. مُحَمَّدٌ (মুহাম্মদ) অর্থ মুহাম্মদ।

৬. رَّسُولُ রাসূল অর্থ  রাসূল, যার কাছে আল্লাহর পক্ষ থেকে ওহী আসে।

৭. رَّسُولُ اللهِ (রাসূলুল্লাহি) অর্থ আল্লাহর রাসূল।

কোন জায়গায় اللهُ হবে, কোন জায়গায় اللهَ হবে, কোন জায়গায় اللهِ হবে; তোমরা পরে শিখবে। এগুলোকে মা'রফু, মানছুর, এবং মাজরুর বলা হয়। رَّسُولُ اللهِ (রাসূলুল্লাহি) অর্থ আল্লাহর রাসূল। এটা মুদাফ মুদাফ ইলাইহি, এটাও পরে জানতে পারবে। এই বাক্যটি কোনো فعل বা ক্রিয়া নাই।

**আরবি ভাষায় ক্রিয়া ছাড়াও বাক্য হতে পারে।**

## পাঠ-২

### أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

আউযু বিল্লাহি মিনাশ শাইতোয়ানির রাজিম

অর্থ: আমি আশ্রয় চাই আল্লাহর নিকট অভিশপ্ত শয়তান হইতে।

১. أَعُوذُ (আউযু) অর্থ আমি আশ্রয় চাই।

২. بِاللهِ = الله + بِا (বিল্লাহ) অর্থ আল্লাহর নিকট।

৩. مِنَ (মিন) অর্থ হইতে।

৪. الشَّيْطَانِ (আঁ শইতান) অর্থ শয়তান।

৫. الرَّجِيْمِ (আর রাজিম) অর্থ অভিশপ্ত।

এই বাক্যটিতে اَعُوذُ ক্রিয়া বা فعل বর্তমান কাল।

## পাঠ-৩

# بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

**বিসমিল্লাহির রাহমানির রহীম**

**অর্থ: পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)।**

১. اِسْمٌ + بِ = بِسْمِ **অর্থ নামে অথবা নামের সাথে, নামের সহিত।** এখানে দুটি শব্দ بِ **অর্থ সাথে, সহিত।** اِسْمٌ **অর্থ নাম।** শব্দ দু'টো আরবীতে যখন যুক্ত হয়েছে, তখন ا **(আলিফ)** লোপ পেয়েছে। যেহেতু بِ আগে এসেছে, اِسْمٌ এর নিচে জের (কাসরা) হয়েছে। بِ কে **"হরফে যের"** বলে। **"হরফে যের"** আরও রয়েছে তোমরা পরে জানতে পারবে। এ দুটো শব্দ আল্লাহর বিশেষণ। الرَّحْمٰنُ ও الرَّحِيْمُ বিশেষণ। বিশেষণ সকল সময় বিশেষ্যের সাথে মিল থাকতে হবে। বিশেষ্য একবচন পুলিঙ্গ হলে বিশেষণ একবচন পুলিঙ্গ হবে। একবচন স্ত্রীলিঙ্গ হলে একবচন স্ত্রীলিঙ্গ হবে। বহুবচন পুলিঙ্গ হলে বহুবচন পুলিঙ্গ হবে। বহুবচন স্ত্রীলিঙ্গ হলে বহুবচন স্ত্রীলিঙ্গ হবে।

২. بِ **থাকাতে** اللّٰهِ **হয়েছে।**

৩. الرَّحْمٰنُ **এখানে দু'টো শব্দ** اَلْ **এবং** رَحْمٰنُ **একত্রে** الرَّحْمٰنُ **হয়েছে। অর্থ পরম করুনাময়।**

৪. الرَّحِيْمُ **এখানেও দু'টো শব্দ** اَلْ **এবং** رَحِيْمُ **একত্রে** الرَّحِيْمُ **হয়েছে অর্থ পরম দয়ালু, অতি দয়ালু, অতি মেহেরবান।**

**ব্যাখ্যা:** اللّٰهِ **এর নিচে জের (কাসরা) থাকাতে** الرَّحْمٰنِ **ও** الرَّحِيمِ **এর নিচে জের (কাসরা) হবে।**
**এই দু'টা শব্দ আল্লাহর বিশেষণ।**

## তোমরা ৬টি শব্দ শিখলে

১. بِ **(বি) অর্থ সাথে, সহিত।**

২. اِسْمٌ **অর্থ নাম।**

৩. اللّٰهُ **অর্থ আল্লাহ।**

৪. اَلْ **অর্থ টি , The**

৫. رَحْمٰنُ **অর্থ করুনাময়।**

৬. رَحِيْمُ **অর্থ দয়ালু।**

اَلْ **সংক্রান্ত বিস্তারিত।** كِتَابٌ **অর্থ একটা বই।** اَلْكِتَابُ **অর্থ বইটি।** قَلَمٌ **অর্থ একটা কলম।** اَلْقَلَمُ **অর্থ কলমটি। প্রথমে** اَلْ **(আল) বসাতে** ◌ٌ **(দুই পাশ, দুই দাম্মাহ)** **এর পরিবর্তে** ◌ُ **(এক পেশ, এক দাম্মাহ) হয়েছে।**

## পাঠ-৪

# اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ

আল হামদু লিল্লাহি রাব্বিল আলামিন

অর্থ: সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক রবব আল্লাহর জন্য।

১. اَلْحَمْدُ এখানে দুটো শব্দ اَلْ এবং حَمْدُ প্রথমে اَلْ থাকাতে حَمْدُ হয়েছে। حَمْدٌ অর্থ প্রশংসা। اَلْحَمْدُ অর্থ সকল প্রশংসা।

২. لِلّٰهِ এখানে দুটো শব্দ لِ এবং اَللّٰهُ এখানে اَللّٰهُ এর ا (আলিফ ) এবং ل (লাম) লোপ পেয়েছে। لِ অর্থ জন্য। اَللّٰهُ অর্থ আল্লাহ। لِلّٰهِ অর্থ আল্লাহর জন্য। প্রথমে لِ থাকাতে اَللّٰهُ এর শেষ অক্ষরে জের (কাসরা) হয়েছে।

৩. শব্দটি হচ্ছে رَبٌّ অর্থ প্রভু, প্রতিপালক। যেহেতু আগের শব্দে لِ আছে رَبٌّ হয়েছে رَبِّ

৪. اَلْعٰلَمِيْنَ এখানে দুটি শব্দ اَلْ এবং عٰلَمِيْنَ (আলামিন) বহুবচন অর্থ জগতসমূহ।

## তোমরা ৭ টি শব্দের অর্থ শিখলে

১. حَمْدٌ (হামদ) অর্থ প্রশংসা।

২. اَلْحَمْدُ (আলহামদু) অর্থ সকল প্রশংসা।

৩. لِ (লি) অর্থ জন্য।

৪. اَللّٰهُ অর্থ আল্লাহ।

৫. رَبٌّ অর্থ প্রভু, প্রতিপালক।

৬. عٰلَمِيْنَ অর্থ জগতসমূহ, বহুবচন।

৭. اَلْعٰلَمِيْنَ অর্থ সমস্ত জগত সমূহ।

# পাঠ-৫

## الرَّحْمٰنِ الرَّحِيمِ

আর রহমানির রহিম

অর্থ: (যিনি) পরম করুনাময় পরম দয়ালু।

তোমরা এই শব্দ দুটো আগেই পাঠ -৩ এ শিখেছ।

## পাঠ-৬

# مٰلِكِ يَوْمِ الدِّيْنِ

মালিকি ইয়াওমিদ দিনি

অর্থ: (যিনি) প্রতিফল দিবসের মালিক

১. مٰلِكِ (মালিকি) অর্থ মালিক।

২. يَوْمِ (ইয়াওমি) অর্থ দিন।

৩. دِيْنُ (দীন) অর্থ ধর্ম, প্রতিফল, কর্মফল।

৪. يَوْمِ الدِّيْنِ কর্মফল দিবস। অর্থাৎ আখিরাতে বিচারের দিন। দুনিয়ায় ভালো কাজ করলে জান্নাত, খারাপ কাজ করলে জাহান্নাম।

## তোমরা নতুন শব্দ শিখলে

১. مَلِكٌ অর্থ মালিক।

২. يَوْمٌ অর্থ দিন।

৩. دِيْنٌ অর্থ ধর্ম, প্রতিফল, কর্মফল।

৪. يَوْمِ الدِّيْنِ কর্মফল দিবস।

## পাঠ-৭

## إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ

**ইয়্যাকা না'বুদু ওয়া ইয়্যাকা নাসতায়িনু**

অর্থ: আমরা শুধুমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য চাই।

১. كَ অর্থ তোমার।

২. اِيَّاكَ অর্থ শুধুমাত্র তোমার।

৩. نَعْبُدُ অর্থ আমরা ইবাদত করি।

৪. وَ অর্থ এবং।

৫. نَسْتَعِينُ অর্থ আমরা সাহায্য চাই।

## পাঠ-৮

# اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

ইহদিনাস সিরাতোল মুসতাকিমা

অর্থ: আমাদেরকে সোজা সরল পথ প্রদর্শন করো।

১. اِهْدِنَا (ইহদিনা) এখানে দুটো শব্দ اِهْدِ অর্থ দেখাও نَا অর্থ আমাদেরকে।

২. صِرَاطٌ অর্থ একটি পথ।

৩. الصِّرَاطٌ অর্থ পথটি, নির্দিষ্ট পথটি।

৪. الْمُسْتَقِيمَ অর্থ সরল, সোজা পথ।

## পাঠ- ৯

# صِرَاطَ الَّذِينَ اَنْعَمْتَ عَلَيْهِمْ

সিরাতোল লাজিনা আনা'আমতা আলাইহিম

অর্থ: তাদের পথ যাদেরকে তুমি অনুগ্রহ দান করেছ।

১. صِرَاطَ অর্থ পথ।

২. صِرَاطَ الَّذِينَ অর্থ তাদের পথ।

৩. الَّذِينَ অর্থ যাদের, তাদের।

৪. اَنْعَمْتَ তুমি অনুগ্রহ দান করেছ।

৫. تَ অর্থ তুমি।

৬. اَنْعَمْ অর্থ অনুগ্রহ দান করা।

৭. عَلَيْ অর্থ উপর।

৮. هُمْ অর্থ যাদের, তাদের।

৯. هُمْ + عَلَيْ = عَلَيْهِمْ যুক্ত হওয়ার সময় هُمْ শব্দটি هِمْ হয়েছে।

## পাঠ- ১০

# غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّينَ

**গাইরিল মাগদুবি আলাইহিম ওয়া লাদদোল্লিন**

**অর্থ: তাদের পথ নয় যারা গজবে পড়েছে এবং পথভ্রষ্ট।**

১. غَيْرِ অর্থ নয়।

২. غَضَبٌ অর্থ গজব।

৩. الْمَغْضُوبِ অর্থ যারা গজবে পড়েছে।

৪. وَ অর্থ এবং।

৫. لَا অর্থ না।

৬. الضَّآلِّينَ (আদ দোয়াল্লিন) অর্থ পথভ্রষ্ট।

১০ম পাঠ পর্যন্ত তোমরা ৫৫ টি শব্দ শিখে ফেলেছ। আলহামদুলিল্লাহ।
আল্লাহ তায়ালা তোমাদের শিক্ষায় রহমত ও বরকত দান করুন।

**আমিন**

## পাঠ-১১

**এই পাঠে তোমরা শিখবে আজান ও সালাতে নিয়মিত যা পাঠ করা হয় তার অর্থ।**

اَللّٰهُ اَكْبَرُ (١)

অতি বড়    আল্লাহ

اَشْهَدُ اَنْ لاَ اِلٰهَ إِلاَّ اللّٰهُ (٢)

আল্লাহ    ব্যতীত    (কোনো) ইলাহ    নাই    যে    আমি সাক্ষ্য দিচ্ছি

اَشْهَدُ اَنَّ مُحَمَّدًا رَسُلُ اللهِ (٣)

আল্লাহর রাসূল    মুহাম্মদ    অবশ্যই    আমি সাক্ষ্য দিচ্ছি

حَيْ عَلَى الصَّلاَةِ (٤)

সালাতের    দিকে    এস

حَيْ عَلَى الْفَلاَحِ (٥)

কল্যাণের    দিকে    এস

سُبْحَانَ رَبِّىَ الْعَظِيمِ (٦)

বড়    আমার প্রতিপালক    পবিত্র

سُبْحَانَ رَبِّىَ الْعَلٰى (٧)

সুউচ্চ    আমার রব    পবিত্র

سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهْ (٨)

তার প্রশংসা করেছে    যে    আল্লাহ    শুনেছেন

رَبَّنَا لَكَ الْحَمْدُ (٩)

সমস্ত প্রশংসা    তোমার জন্য    আমাদের প্রতিপালক

الحمد لله حَمْدًا كثِيرًا طَيِّباً مُبارَكًا (١٠)

কল্যাণময়    উত্তম    অধিক    প্রশংসা    আল্লাহর    সমস্ত প্রশংসা

## পাঠ-১২

এই পাঠে তোমরা শিখবে ছানা, তাশাহুদ ও দুরুদের অর্থ সালাতের দাড়ানোর পরে প্রথমে ছানা, শেষে বৈঠকে তাশাহুদ ও দুরুদ পাঠ করা হয়।

### ছানা

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَ بِحَمْدِكَ وَ تَبَارَكَ اسْمُكَ وَ تَعَالٰى جَدُّكَ وَ لَا اِلَهَ غَيْرُكَ

হে আল্লাহ্! আমি তোমার পবিত্রতা বর্ণনা করছি। তুমি প্রশংসাময়, তোমার নাম বরকতময়, তোমার মর্যাদা অতি উচ্চে, আর তুমি ব্যতীত সত্যিকার কোনো মাবুদ নেই।

### আত্তাহিয়াতু (তাশাহুদ)

اَلتَّحِيَّاتُ لِلّٰهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ، السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهُ، السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللّٰهِ الصَّالِحِيْنَ، أَشْهَدُ أَنْ لَّاإِلَهَ إِلَّا اللّٰهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ

কি মৌখিক,কি দৈহিক,কি আর্থিক সকল ইবাদাত এক মাত্র আল্লাহ’র জন্য/সমস্ত সম্মানজনক সম্বোধন আল্লাহর জন্যে।সমস্ত শান্তি কল্যাণ ও পবিত্রতার মালিক আল্লাহ। হে নবী, আপনার উপর আল্লাহ’র শান্তি, রহমত ও বরকত বর্ষিত হোক)আসসালামু আলায়না ওয়া আলা ইবাদিল্লাহিস সোয়ালেহিন(আমাদের উপর এবং সৎকর্মশীল বান্দাদের উপর আল্লাহ’র শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ ব্যতিত অন্য কোন ইলাহ নেই,আরো সাক্ষ্য দিচ্ছি মুহাম্মাদ(সাঃ) আল্লাহ’র বান্দা ও রাসুল।

### দুরুদ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ

যে আললাহ! মুহাম্মদ (সাললালললাহু আলাইহি ওয়া সাললাম) এবং তাঁহার বংশধরগণের উপর ঐরূপ আশীর্বাদ অবতীর্ণ কর যেইরূপ আর্শীবাদ হযরত ইব্রাহিম (আঃ) এবং তাঁহার বংশধরগণের উপর অবতীর্ণ করিয়াছ। নিশ্চয়ই তুমি প্রশংসা ভাজন এবং মহামহিম। হে আললাহ! মুহাম্মদ (সাললালললাহু আলাইহি ওয়া সাললাম) এবং তাঁহার বংশধরগণের উপর সেইরূপ অনুগ্রহ কর যে রূপ অনুগ্রহ ইব্রাহীম (আঃ) এবং তাঁহার বংশরগণের উপর করিয়াছ। নিশ্চয়ই তুমি প্রশংসা ভাজন এবং মহামহিম।

**তোমরা শব্দের অর্থ শেখার চেষ্টা করবে।**

## পাঠ- ১৩

**১৪ নম্বর পাঠ থেকে তোমরা পবিত্র কোরআনের ৫৬০ টি শব্দ শিখবে। প্রতিটি পাঠে তোমরা ১০ টি শব্দ মুখস্ত করবে। তোমাদের শিক্ষকগণ প্রতিটি শব্দের জন্য পবিত্র কুরআনের একটি আয়াত বা আয়াতের অংশ উল্লেখ করবেন।**

## পবিত্র কোরআনের কিছু তথ্য

১. প্রায় ৬২৩৬ টি আয়াত।

২. প্রায় ৭৭৪৩৯ টি শব্দ।

৩. فعل বা ক্রিয়া বা Verb ১৪৭৫ টি।

৪. حرف এবং اسم ৩৬৮০ টি।

৫. তাহলে মোট শব্দ ৫১৫৫ টি ৭৭,৪৩৯ বার ব্যবহৃত হয়েছে।

৬. ১৪৪ টি শব্দ ৪১.৫% বার ব্যবহৃত হয়েছে।

৭. ১৯২ টি শব্দ ১৭.৫% বার ব্যবহৃত হয়েছে।

৮. ২১৬ টি শব্দ ২৩.৭% বার ব্যবহৃত হয়েছে।

৯. ৫৫২ টি শব্দ শিখলে ৮২.৭% ভাগ শব্দ শিখা হবে।

১০. মাত্র ৫ টি শব্দ শিখলে ১৫% শব্দ শিক্ষা হবে।

ক) مِنْ অর্থ হইতে; ৩২২৬ বার পবিত্র কোরআন ব্যবহৃত হয়েছে।
খ) اللهُ আল্লাহ; ২৬৯৯ বার পবিত্র কোরআন ব্যবহৃত হয়েছে।
গ) لَا অর্থ না; ২৩২৩ বার পবিত্র কোরআনে ব্যবহৃত হয়েছে।
ঘ) فِي অর্থ মধ্যে; ১৭০১ বার পবিত্র কোরআনে ব্যবহৃত হয়েছে।
ঙ) إِنَّ অর্থ নিশ্চয়ই; ১৬৮২ বার পবিত্র কোরআনে ব্যবহৃত হয়েছে।

## পাঠ- ১৪

### পবিত্র কোরআনে কতবার ব্যবহার হয়েছে সে অনুসারে সাজানো হয়েছে

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ১ | مِنْ | মিন | ৩২২৬ | হইতে | حرف অব্যয় |
| ২ | اللهُ | আল্লাহ | ২৬৯৯ | আল্লাহ | اسم বিশেষ্য |
| ৩ | فِى | ফি | ১৭০১ | মধ্যে, ভিতরে | حرف অব্যয় |
| ৪ | إِنْ | ইন | ১৬৮২ | নয়, যে | حرف অব্যয় |
| ৫ | عَلَى | আ'লা | ১৪৪৫ | উপরে | حرف অব্যয় |
| ৬ | اَلَّذِى | আল্লাযী | ১৪৪২ | তাহার, যাহার | اسم সর্বনাম |
| ৭ | لَا | লা | ১৩৬৪ | না | حرف অব্যয় |
| ৮ | مَا | মা | ১২৬৬ | কি, না, যা | اسم সর্বনাম |
| ৯ | رَبّ | রবব | ৯৭৫ | প্রভু প্রতিপালক | اسم বিশেষ্য |
| ১০ | إِلَى | ইলা | ৭৪২ | দিকে | حرف অব্যয় |

## পাঠ-১৫

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ১১ | مَا | মা | ৭০৪ | না | حرف অব্যয় |
| ১২ | مَنْ | মান | ৬০৬ | কে | اسم সর্বনাম |
| ১৩ | إِنْ | ইন | ৫৭৮ | যদি | حرف অব্যয় |
| ১৪ | أَنْ | আন | ৫৭৮ | যা | حرف অব্যয় |
| ১৫ | إِلَّا | ইল্লা | ৫৫৮ | ব্যতীত | حرف অব্যয় |
| ১৬ | ذَٰلِكَ | জালিকা | ৫২০ | এটা | اسم সর্বনাম |
| ১৭ | عَنْ | আন | ৪৬৫ | হইতে | حرف অব্যয় |
| ১৮ | اَرْض | আরদ | ৪৬১ | পৃথিবী | اسم বিশেষ্য |
| ১৯ | قَدْ | কদ | ৪০৬ | অবশ্যই | حرف অব্যয় |
| ২০ | إِذَا | ইজা | ৪০৫ | যখন | اسم ক্রিয়া-বিশেষণ |

## পাঠ-১৬

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ২১ | قوم | কওম | ৩৮৩ | নাজাতি সম্প্রদায় | اسم বিশেষ্য |
| ২২ | ءَايَة | আয়াত | ৩৮২ | আজাদ নিদর্শন | اسم বিশেষ্য |
| ২৩ | إَنْ | আন | ৩৬২ | যে | حرف অব্যয় |
| ২৪ | كُلْ | কুল | ৩৫৮ | সকল | اسم বিশেষ্য |
| ২৫ | لَمْ | লাম | ৩৫৩ | না | حرف অব্যয় |
| ২৬ | ثم | সুম | ৩৩৮ | অতঃপর | حرف অব্যয় |
| ২৭ | رسول | রাসূল | ৩৩২ | রাসূল | اسم বিশেষ্য |
| ২৮ | لاَ | লা | ৩২৭ | না | حرف অব্যয় |
| ২৯ | يوم | ইয়োম | ৩২৫ | দিন | اسم বিশেষ্য |
| ৩০ | عَذَاب | আযাব | ৩২২ | শাস্তি | اسم বিশেষ্য |

## পাঠ-১৭

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৩১ | هَذَا | হাযা | ৩১৭ | এই | اسم সর্বনাম |
| ৩২ | سَمَاء | শামা | ৩১০ | আকাশ | اسم বিশেষ্য |
| ৩৩ | نَفس | নফস | ২৯৫ | ব্যাক্তি, নিজে | اسم বিশেষ্য |
| ৩৪ | شَيء | সাইয়ুন | ২৮৩ | কিছু | اسم বিশেষ্য |
| ৩৫ | أَو | আও | ২৮০ | অথবা | حرف অব্যয় |
| ৩৬ | كِتَاب | কিতাব | ২৬০ | বই, পুস্তক | اسم বিশেষ্য |
| ৩৭ | بَيْنَ | বাইনা | ২৪৩ | মধ্যে | اسم ক্রিয়া-বিশেষণ |
| ৩৮ | حق | হক্ব | ২৪২ | সত্য | اسم বিশেষ্য |
| ৩৯ | نَاس | নাস | ২৪১ | মানুষ | اسم বিশেষ্য |
| ৪০ | إِذْ | ইয | ২৩৯ | যখন | اسم ক্রিয়া-বিশেষণ |

# পাঠ-১৮

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৪১ | أُولَئِكَ | ওলায়িকা | ২০৪ | এইগুলো | اسم সর্বনাম |
| ৪২ | قبل | কবল | ১৯৭ | পূর্বে | اسم বিশেষ্য |
| ৪৩ | مُؤمِن | মু'মিন | ১৯৫ | বিশ্বাসী মু'মিন | اسم বিশেষ্য |
| ৪৪ | لَو | লাও | ১৮৪ | যদি | حرف অব্যয় |
| ৪৫ | مَنْ | মান | ১৮৪ | যদি, কে | حرف অব্যয় |
| ৪৬ | سَبِيل | সাবিল | ১৭৬ | পথ | اسم বিশেষ্য |
| ৪৭ | أمر | আমর | ১৬৬ | নির্দেশ | اسم বিশেষ্য |
| ৪৮ | عِند | ইনদা | ১৬০ | নিকট | اسم ক্রিয়া-বিশেষণ |
| ৪৯ | مَعَ | মা'য়া | ১৫৯ | সহিত | اسم ক্রিয়া-বিশেষণ |
| ৫০ | بعض | বায়াদ | ১৫৭ | কিছু | اسم বিশেষ্য |

## পাঠ-১৯

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৫১ | لَمَّا | লাম্মা | ১৫৭ | যখন | اسم ক্রিয়া-বিশেষণ |
| ৫২ | أَيُّهَا | আয়্যুহা | ১৫৩ | ওহে, হে | اسم বিশেষ্য |
| ৫৩ | خَير | খাইর | ১৪৮ | ভালো | اسم বিশেষ্য |
| ৫৪ | إِلٰهٌ | ইলাহা | ১৪৭ | উপাস্য | اسم বিশেষ্য |
| ৫৫ | نَار | নার | ১৪৫ | আগুন, দোজখ | اسم বিশেষ্য |
| ৫৬ | غير | গাইর | ১৪৪ | ব্যতিত | اسم বিশেষ্য |
| ৫৭ | أَم | আম | ১৩৭ | অথবা | اسم অব্যয় |
| ৫৮ | مُوسىٰ | মুসা | ১৩৬ | মুসা | اسم বিশেষ্য |
| ৫৯ | دُون | দুন | ১৩৫ | ছাড়া | اسم বিশেষ্য |
| ৬০ | آخِر | আখের | ১৩৩ | শেষ | اسم বিশেষ্য |

# পাঠ-২০

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৬১ | بعد | বা'দ | ১৩৩ | পরে | اسم বিশেষ্য |
| ৬২ | قلب | কলব | ১৩২ | অন্তর হৃদয় | اسم বিশেষ্য |
| ৬৩ | عبد | আবদ | ১৩১ | দাস | اسم বিশেষ্য |
| ৬৪ | أهل | আহলে | ১২৭ | সম্প্রদায় পরিবার | اسم বিশেষ্য |
| ৬৫ | لعل | লায়াল্লা | ১২৩ | সম্ভবত | اسم অব্যয় |
| ৬৬ | بَلْ | বাল | ১২২ | বরং | اسم অব্যয় |
| ৬৭ | يَدْ | ইয়াদ | ১২০ | হাত | اسم বিশেষ্য |
| ৬৮ | كافرون | কাফেরূন | ১১৯ | অবিশ্বাসী, কাফের | اسم বিশেষ্য |
| ৬৯ | إِن | ইন | ১১৪ | নয় | اسم অব্যয় |
| ৭০ | رَحمه | রহমত | ১১৪ | দয়া রহমত | اسم বিশেষ্য |

# পাঠ-২১

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৭১ | رحيم | রহীম | ১১২ | দয়ালু, পরম | اسم বিশেষন |
| ৭২ | اجر | আজর | ১০৫ | পুরস্কার কর্মফল | اسم বিশেষ্য |
| ৭৩ | ظالم | জালিম | ১০৫ | অত্যাচারী, জালিম | اسم বিশেষ্য |
| ৭৪ | علم | ইলম | ১০৫ | জ্ঞান | اسم বিশেষ্য |
| ৭৫ | عظيم | আজিম | ১০৪ | সম্মানিত | اسم বিশেষন |
| ৭৬ | لَنْ | লান | ১০৪ | নয় | حرف অব্যয় |
| ৭৭ | إِلَّا | ইল্লা | ১০২ | ব্যতীত | حرف অব্যয় |
| ৭৮ | عَليم | আলিম | ১০১ | যিনি জানেন, জ্ঞানী | اسم বিশেষ্য |
| ৭৯ | جَنه | জান্নাত | ৯৬ | বাগান, জান্নাত | اسم বিশেষ্য |
| ৮০ | حتى | হাত্তা | ৯৫ | পর্যন্ত | حرف অব্যয় |

# পাঠ-২২

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৮১ | هَلْ | হাল | ৯৩ | প্রশ্নবোধক কেন, কি | اسم অব্যয় |
| ৮২ | دين | দীন | ৯২ | ধর্ম বিচারের দিবস | اسم বিশেষ্য |
| ৮৩ | قول | কওল | ৯২ | কথা | اسم বিশেষ্য |
| ৮৪ | ما | মা | ৯২ | প্রশ্নবোধক কি, কেন | اسم অব্যয় |
| ৮৫ | ذو | যু | ৯০ | অধিকারী | اسم বিশেষ্য |
| ৮৬ | مَلَك | মালাক | ৮৮ | ফেরেশতা | اسم বিশেষ্য |
| ৮৭ | مَثَل | মাসাল | ৮৭ | উদাহরণ | اسم বিশেষ্য |
| ৮৮ | مَال | মাল | ৮৬ | সম্পদ, অর্থকড়ি | اسم বিশেষ্য |
| ৮৯ | وَلِى | অলিয়্যু | ৮৬ | বন্ধু, রক্ষা কারক | اسم বিশেষ্য |
| ৯০ | هُدَى | হুদ | ৮৫ | পথ, হেদায়াত | اسم বিশেষ্য |

# পাঠ-২৩

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ৯১ | حَكِيم | হাকীম | ৮৪ | বিচারক | اسم বিশেষণ |
| ৯২ | فَضل | ফদল | ৮৪ | শ্রেষ্ঠ | اسم বিশেষ্য |
| ৯৩ | صلَوٰة | সালা-ওয়াত | ৮৩ | দোয়া | اسم বিশেষ্য |
| ৯৪ | لَيل | লাইল | ৮২ | রাত, রজনী | اسم বিশেষ্য |
| ৯৫ | شَيْطان | শয়তান | ৮০ | শয়তান | اسم বিশেষ্য |
| ৯৬ | بَنى | বাণনি | ৮০ | পুত্র | اسم বিশেষ্য |
| ৯৭ | كَيْف | কাইফা | ৮০ | কিভাবে | اسم অব্যয় |
| ৯৮ | يَوم | ইয়োম | ৮০ | দিন | اسم ক্রিয়া-বিশেষণ |
| ৯৯ | ما | মা | ৭৯ | নয়, কি | اسم অব্যয় |
| ১০০ | اَصْحَاب | আসহাব | ৭৮ | সাথীগণ | اسم বিশেষ্য |

# পাঠ-২৪

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ১০১ | اَكْثَر | আকসার | ৭৮ | অধিকাংশ | اسم বিশেষ্য |
| ১০২ | جَهَنَّم | জাহান্নাম | ৭৭ | দোজখ, জাহান্নাম | اسم বিশেষ্য |
| ১০৩ | ذِكر | জিকির | ৭৬ | স্মরণ, জিকির | اسم বিশেষ্য |
| ১০৪ | حَيٰوة | হায়াত | ৭৬ | জীবন | اسم বিশেষ্য |
| ১০৫ | زَوج | জাওয | ৭৬ | স্বামী | اسم বিশেষ্য |
| ১০৬ | اَخ | আখ | ৭৫ | ভাই | اسم বিশেষ্য |
| ১০৭ | مثل | মিশল | ৭৫ | উদাহরণ, তুলনা | اسم বিশেষ্য |
| ১০৮ | نَبِى | নবী | ৭৫ | সংবাদ বাহক, নবী | اسم বিশেষ্য |
| ১০৯ | اَحَد | আহাদ | ৭৪ | এক, একক | اسم বিশেষ্য |
| ১১০ | خُلْد | খালেদ | ৭৪ | খালেদ, স্থায়ী | اسم বিশেষ্য |

# পাঠ-২৫

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ১১১ | دُنيا | দুনিয়া | ৭৪ | পৃথিবী, দুনিয়া নিকটবর্তী | اسم বিশেষ্য-বিশেষণ |
| ১১২ | فِرعون | ফেরাউন | ৭৪ | ফেরাউন | اسم বিশেষ্য |
| ১১৩ | علَمِين | আলামীন | ৭৩ | জগতসমূহ | اسم বিশেষ্য |
| ১১৪ | اَلِيْم | আলীম | ৭২ | কঠোর | اسم বিশেষণ |
| ১১৫ | مُبِين | মুবিন | ৭২ | বিস্তারিত | اسم বিশেষ্য |
| ১১৬ | إِنْسَان | ইনসান | ৭১ | মানুষ | اسم বিশেষ্য |
| ১১৭ | عَمل | আমল | ৭১ | আ'মল কর্ম, আচরণ | اسم বিশেষ্য |
| ১১৮ | وَجه | ওযহা | ৭১ | মুখ | اسم বিশেষ্য |
| ১১৯ | قِيمَة | কিয়ামত | ৭০ | কিয়ামত | اسم বিশেষ্য |
| ১২০ | يوْمَئِذٍ | ইয়াও-মায়িজিন | ৭০ | দিবসটি, সে দিন, আখেরাতের দিন | اسم ক্রিয়া-বিশেষণ |

# পাঠ-২৬

| নং | শব্দ | উচ্চারণ | ব্যবহার সংখ্যা | অর্থ | Parts of Speech (পদ প্রকরণ) |
|---|---|---|---|---|---|
| ১২১ | إِبْرَاهِيم | ইব্রাহিম | ৬৯ | ইব্রাহিম | اسم বিশেষ্য |
| ১২২ | قُرْءان | কুরআন | ৬৮ | কুরআন | اسم বিশেষ্য |
| ১২৩ | بَعْد | বা'দ | ৬৬ | পড়ে | اسم ক্রিয়া-বিশেষণ |
| ১২৪ | بِيت | বাইত | ৬৫ | বাড়ি, ঘর | اسم বিশেষণ |
| ১২৫ | لٰكِن | লাকিন | ৬৫ | কিন্তু | اسم অব্যয় |
| ১২৬ | يَمِين | ইয়ামিন | ৬৫ | ডান দিক | اسم বিশেষ্য |
| ১২৭ | اٰبَاء | আবাউ | ৬৪ | পিতা | اسم বিশেষ্য |
| ১২৮ | أُمَّة | উম্মাত | ৬৪ | জাতি, সম্প্রদায় | اسم বিশেষ্য |
| ১২৯ | ابن | ইবনে | ৬৩ | সূত্র | اسم বিশেষ্য |
| ১৩০ | عزيز | আজিজ | ৬৩ | সম্মানিত | اسم বিশেষ্য |